



গাবতলী পৌরসভা কার্যালয়

গাবতলী, বগুড়া।

সভা নং-১১

সভাপতি : জনাব মোঃ সাইফুল ইসলাম
মেয়র
গাবতলী পৌরসভা, বগুড়া।

তারিখ ও সময় : ১৬/১১/২০২১খ্রিঃ রোজঃ মঙ্গলবার, সময়ঃ ১০.০০ ঘটিকা।

স্থান : গাবতলী পৌরসভা কার্যালয়, গাবতলী, বগুড়া।

সভায় উপস্থিতি : পরিশিষ্ট খ।


আলোচ্য সূচি : পূর্ব সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

সভাপতি সাহেব উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন।

ক্রমিক নং	প্রস্তাব	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে	কাজ বাস্তবায়নের সময়/ অগ্রগতি
০১	গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানির জন্য সভায় প্রস্তাব করা হয়।	সভাপতির অনুমতিক্রমে গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।	গত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী বা সংযোজনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়।	মেয়র, গাবতলী পৌরসভা	
০২	পৌরসভার হোল্ডিং ট্যাক্স আদায় বিষয়ে সভায় প্রস্তাব করা হয়।	সভায় জানানো হয় বিগত ২০২০-২০২১ অর্থ বছরে গাবতলী পৌরসভার পুনঃকর নির্ধারণ সম্পন্ন হয়েছে। এ বিষয়ে মাইকিং ও বিজ্ঞপ্তির মাধ্যমে জনগণকে অবহিত করা হয়েছে। সরকারি নির্দেশনা মোতাবেক পৌর কর ৭৫% আদায় করতে হবে। পৌরসভার রাজস্ব আদায়ে সকল কাউন্সিলরের অংশ গ্রহন প্রয়োজন।	পুনঃ নির্ধারিত কর যথাযথ ভাবে আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	মেয়র, গাবতলী পৌরসভা	
০৩	জন্ম নিবন্ধনে পৌর কর শতভাগ আদায় বিষয়ে সভায় প্রস্তাব করা হয়।	সভায় জানানো হয় সকল নাগরিকের জন্ম নিবন্ধন মৌলিক অধিকার। জন্ম নিবন্ধনের সফটওয়্যারে পৌর কর পরিশোধের ঘর আছে। উক্ত ঘরে কর পরিশোধের বিষয় নিশ্চিত করা জরুরী। তাছাড়া দরিদ্র ও হতদরিদ্রদের কর প্রণোদন ও সহনীয় পর্যায়ে রাখার প্রস্তাব করা হয়।	পৌর নাগরিকদের কর সহনীয় পর্যায়ে রাখার জন্য মেয়র গাবতলী পৌরসভাকে অনুরোধ করে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	মেয়র, গাবতলী পৌরসভা	


০৪	শহর সম্বন্ধয় কমিটি (TLCC) এবং ওয়ার্ড কমিটি (WC) কমিটির সভা করণ বিষয়ে সভায় প্রস্তাব করা হয়।	মেয়র, গাবতলী পৌরসভা, গাবতলী, বগুড়া শহর সম্বন্ধয় কমিটি (TLCC) এবং ওয়ার্ড কমিটি (WC) সভাগুলো যথা সময়ে করণের প্রস্তাব করেন। তিনি জানান বৈদেশি সাহায্য পৃষ্ঠ বিভিন্ন প্রকল্প এবং দাতা সংস্থার শর্ত মোতাবেক পৌর নাগরিক সেবা জনগণের দোরগোড়ায় পৌছাতে হলে শহর সম্বন্ধয় কমিটি (TLCC) এবং ওয়ার্ড কমিটি (WC) কমিটির সভা যথা সময়ে বাস্তবায়ন করতে হবে।	পরিপত্র এবং সরকারী নির্দেশনা মোতাবেক প্রতি তিন মাস পর-পর শহর সম্বন্ধয় কমিটি (TLCC) এবং ওয়ার্ড কমিটি (WC) কমিটির সভা পৌরসভার নির্ধারিত সময়ে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্ব সম্পতিক্রমে গৃহিত হয়।	মেয়র, গাবতলী পৌরসভা
০৫	এডিপি হতে গুরুত্বপূর্ণ শহর অবকাঠামো উন্নয়ন প্রকল্পে অর্থ ধার প্রদানের বিষয়ে সভায় প্রস্তাব করা হয়।	সভায় জানানো হয় পৌরসভার গুরুত্বপূর্ণ শহর অবকাঠামো উন্নয়ন প্রকল্পের কাজ যথা সময়ে শেষ করা জন্য ঠিকাদার বিল প্রদানের অনুরোধ করায় এডিপি হতে ১২.০০ (লক্ষ) টাকা স্থানান্তর করে ঠিকাদারকে বিল প্রদান করার আলোচনা করা হয়। আলোচনায় সকল কাউন্সিলর সক্রিয় অংশ গ্রহণ করেন।	আলোচনা শেষে ১২.০০ (লক্ষ) টাকা এডিপি হতে স্থানান্তর করে ঠিকাদারকে বিল প্রদানের সিদ্ধান্ত সর্ব সম্পতিক্রমে গৃহীত হয়। গুরুত্বপূর্ণ শহর অবকাঠামো উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ পাওয়ার সঙ্গে সঙ্গে এডিপির ধারকৃত অর্থ পরিশোধ করা হবে।	

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।


 মোঃ সাইফুল ইসলাম
 মেয়র
 গাবতলী পৌরসভা, বগুড়া।

স্মারক নং- ৪৬.৫০.১০৪০.১০০.০০১.২০২১/৫৫
 অনুলিপি সদয় অবগতির জন্যঃ


- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ
 স্থানীয় সরকার, পলী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৩। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া।
- ৪। অফিস কপি।


 (মোঃ সাইফুল ইসলাম)
 মেয়র

গাবতলী পৌরসভা, বগুড়া।

মোবাইল নম্বর ০১৯১৫৬৩৫৮২৬

তারিখঃ ২৭/৭/২০২০


 (মোঃ সাইফুল ইসলাম)
 মেয়র

গাবতলী পৌরসভা, বগুড়া।

মোবাইল নম্বর ০১৯১৫৬৩৫৮২৬